

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিসংখ্যান অফিস  
সাপাহার, নওগাঁ।

স্মারক নং- ৫২. ০১. ৬৪৮৬. ০০০. ১৯. ০০১. ১৮-০১২

তারিখঃ ২৯ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ  
১৪ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

বরাবর


উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
সাপাহার, নওগাঁ।

**বিষয়ঃ- সাপাহার উপজেলার সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয় / এমপিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান/সরকারি মাদ্রাসায়  
অধ্যয়নরত নবম ও দশম শ্রেণির মেধাক্রম অনুসারে বিভাগ ওয়ারি প্রথম তিন জনের নামের তালিকা প্রেরণ  
প্রসঙ্গে।**

**জনাব**

যথা বিহিত সম্মান প্রদর্শন পূর্বক এই যে, জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর প্রকল্পের ক্রয়কৃত ট্যাবলেট সমূহের মধ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর নিজ প্রয়োজনের অতিরিক্ত ট্যাবলেটসমূহ দেশের মেধাবী তরুণ সমাজের মধ্যে তথ্য প্রযুক্তির যথোপযুক্ত ব্যবহারে আগ্রহ গড়ে তোলার নিমিত্তে দেশের মাধ্যমিক বিদ্যালয়/ সরকারি মাদ্রাসার মেধাবী শিক্ষার্থীদের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে বিতরণ করা হবে।

অতএব উপরোক্ত বিষয়টি বিবেচনা পূর্বক সাপাহার উপজেলার সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয় / এমপিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান/সরকারি মাদ্রাসায় অধ্যয়নরত নবম ও দশম শ্রেণির মেধাক্রম অনুসারে বিভাগ ওয়ারি প্রথম তিন জনের নামের তালিকা তথ্য প্রদানে আপনার একান্ত মর্জি হয়।

  
১৪/০৩/২০২৩

উপজেলা পরিসংখ্যান অফিসার  
সাপাহার, নওগাঁ।